# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ যুদ্ধের উল্লেখযোগ্য বিষয়সমূহ- ৮. মুশরিকদের বেষ্টনীতে রাসূল (ছাঃ); সাথী মাত্র নয়জন জান কোরবান ছাহাবী (الرسول صـ فى إحاطة المشركين مع ةسعة من الصحابة المخلصة)

যুদ্ধ চলা অবস্থায় আল্লাহর রাসূল (ছাঃ) সাত জন আনছার ও দু’জন মুহাজির সহ মোট নয় জন সাথী নিয়ে সেনাবাহিনীর পিছনে থেকে সৈন্য পরিচালনা করছিলেন। এমন সময় হঠাৎ দেখতে পান যে, সংকীর্ণ গিরিপথ দিয়ে খালেদ বিন অলীদ সসৈন্যে তীরবেগে ঢুকে পড়ছেন। তখন তিনি সাক্ষাৎ বিপদ বুঝতে পেরে চীৎকার দিয়ে মুসলিম বাহিনীকে ডাক দিলেন ‘হে আল্লাহর বান্দারা এদিকে এসো’ (إِلَيَّ عِبَادَ اللهِ، إِلَيَّ عِبَادَ اللهِ) বলে। এতে মুশরিক বাহিনী তাঁর অবস্থান সম্পর্কে নিশ্চিত হয়ে চারদিক থেকে এসে তাঁকে ঘিরে ফেলে। এ সময় রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, مَنْ يَرُدُّهُمْ عَنَّا وَلَهُ الْجَنَّةُ أَوْ هُوَ رَفِيقِى فِى الْجَنَّةِ‘যে ব্যক্তি আমাদের থেকে ওদের হটিয়ে দেবে তার জন্য জান্নাত’। অথবা তিনি বলেন, সে ব্যক্তি আমার সাথে জান্নাতে থাকবে’ (মুসলিম হা/১৭৮৯)। তখন তাঁকে বাঁচানোর জন্য সাথী সাত জন আনছার ছাহাবীর সকলে জীবন দিলেন। বাকী রইলেন দু’জন মুহাজির ছাহাবী হযরত ত্বালহা বিন ওবায়দুল্লাহ এবং সা‘দ বিন আবু ওয়াক্কাছ (রাঃ)।[1] তাদের অতুলনীয় বীরত্বের মুখে কাফের বাহিনী এগিয়ে আসতে বাধাগ্রস্ত হয়। এ বিষয়ে কুরআন বলেছে, إِذْ تُصْعِدُوْنَ وَلاَ تَلْوُوْنَ عَلَى أحَدٍ وَالرَّسُوْلُ يَدْعُوْكُمْ فِيْ أُخْرَاكُمْ ‘যখন তোমরা (ভয়ে পাহাড়ের) উপরে উঠে যাচ্ছিলে এবং পিছন দিকে কারু প্রতি ফিরে তাকাচ্ছিলে না, অথচ রাসূল তোমাদের ডাকছিলেন তোমাদের পিছন থেকে... (আলে ইমরান ৩/১৫৩)।

ফুটনোট

[1]. মুসলিম হা/২৪১৪ ‘ছাহাবীগণের মর্যাদা’ অধ্যায় ৬ অনুচ্ছেদ।

ওয়াক্বেদী আনছার ও মুহাজির থেকে ১৪ জনের কথা বর্ণনা করেছেন। সেখানে আনছারদের মধ্যকার ৭ জন হ’লেন, (১) হুবাব ইবনুল মুনযির (২) আবু দুজানাহ (৩) ‘আছেম বিন ছাবেত (৪) হারেছ ইবনুছ ছিম্মাহ (৫) সাহল বিন হুনাইফ (৬) উসায়েদ বিন হুযায়ের এবং (৭) সা‘দ বিন মু‘আয। মুহাজিরদের মধ্যকার ৭ জন হ’লেন, (১) আবুবকর (২) আব্দুর রহমান বিন ‘আওফ (৩) আলী বিন আবু ত্বালেব (৪) সা‘দ বিন আবু ওয়াক্কাছ (৫) ত্বালহা বিন ওবায়দুল্লাহ (৬) আবু ওবায়দাহ ইবনুল জাররাহ এবং (৭) যুবায়ের ইবনুল ‘আওয়াম (ওয়াক্বেদী, মাগাযী ১/২৪০)।

তবে ছহীহ বুখারীর বর্ণনায় মুহাজিরদের মধ্যে ত্বালহা ও সা‘দ বিন আবু ওয়াক্কাছ (রাঃ) ব্যতীত অন্য কেউ ছিলেন না বলা হয়েছে’ (বুখারী হা/৪০৬০)। কোন কোন বর্ণনায় আনছারদের মধ্যে সর্বশেষ যিয়াদ অথবা ‘উমারাহ ইবনুস সাকান (রাঃ)-এর নাম এসেছে’ (ফাৎহুলবারী হা/৪০৬০-এর আলোচনা দ্রষ্টব্য)। ওয়াক্বেদীর উক্ত

তালিকা মেনে নিতে গেলে এটা স্বীকার করতে হয় যে, ঐ সাত জন আনছার ছাহাবীর সকলেই ঐ সময় শহীদ হন। কিন্তু তাঁদের জীবনীতে দেখা যায় যে, তাঁদের একজনও ঐ সময় শহীদ হননি। সম্ভবতঃ এ কারণেই কোন জীবনীকার ঐ সাত জনের তালিকা দেননি। কোন হাদীছেও তাঁদের নাম পাওয়া যায় না। অতএব ঐ সাত জন শহীদ কে কে ছিলেন, তা অজ্ঞাত রইল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5458

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন